



স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭(অংশ-১).৭৪৪

তারিখঃ ১৮ কার্তিক ১৪২৭
৩ নভেম্বর ২০২০

বিষয়: উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় নিম্নবর্ণিত ২ (দুই)টি উদ্ভাবনী উদ্যোগ/ধারণা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে:

উদ্ভাবনী উদ্যোগ/ধারণার শিরোনাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা প্রদানকারীর নাম	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার উদ্দেশ্য
Online Based Archive Management System	জনাব মোঃ আইয়ুব হোসেন প্রোগ্রামার, আইসিটি সেল সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সুরক্ষা সেবা বিভাগের দাপ্তরিক কাজ ও এ বিভাগ হতে সেবা গ্রহীতা/অংশীজনদের প্রায়ই বিভিন্ন ধরনের পুরাতন ডকুমেন্টের (যেমনঃ প্রজ্ঞাপন/নীতিমালা/পরিপত্র/আইন/বিধি/অফিস আদেশ, বিদেশ ভ্রমণের জি.ও/কার্যবিবরণী/প্রতিবেদন/কমিটি/টিম/ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য/বিভিন্ন প্রকাশনা ও অনুমতির পত্র ইত্যাদি) প্রয়োজন হয়। উল্লিখিত পুরাতন ডকুমেন্টসমূহের নির্দিষ্ট কোন রক্ষণাবেক্ষণের ব্যবস্থা না থাকায় অথবা সংশ্লিষ্ট হার্ড ফাইল হতে কাঙ্ক্ষিত পুরাতন ডকুমেন্ট প্রয়োজনের সময় খুঁজে পাওয়া কষ্টকর হয়। Online based archive management system-এ পুরাতন ডকুমেন্টসমূহের বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী সংরক্ষণ করা থাকবে। যে কোন জায়গা হতে সহজেই অনলাইনে সেবা গ্রহীতা কাঙ্ক্ষিত ক্যাটাগরি হতে বিষয়বস্তু/তারিখ সীমার মধ্যে সার্চ করে পুরাতন ডকুমেন্ট খুঁজে বের করা ও ডাউনলোড করে নিতে পারবেন। সেবা গ্রহীতার সময় ও খরচ সাশ্রয় (প্রযোজ্য ক্ষেত্রে) হবে।
সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ ওয়েবসাইটে প্রকাশকরণ	জনাব মোঃ আবুল বাশার প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-৩ শাখা) সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের শিরোনাম, সেবা প্রদান পদ্ধতি/ফ্লোচার্ট, প্রয়োজনীয় কাগজপত্র ও নির্ধারিত ফর্ম (যদি থাকে) এবং প্রাপ্তিস্থান, সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগের তথ্য ওয়েবসাইটে আপলোড করা থাকবে। সেবা প্রত্যাশী সরাসরি সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত তথ্য ওয়েব ব্রাউজারে নেভিগেট বা সার্চ করে তথ্য খুঁজে বের করতে পারবেন। এতে করে সেবা প্রত্যাশী সরাসরি সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত তথ্য দ্রুত পাবেন।

২। এ বিভাগের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ১ মার্চ ২০২১ তারিখের মধ্যে বর্ণিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহের মধ্যে ন্যূনতম ১ (এক)টি উদ্যোগ/ধারণা মূল্যায়ন ও বাস্তবায়ন করার লক্ষ্যে ইনোভেশন টিম এবং উদ্ভাবনী উদ্যোগের ধারণা প্রদানকারীগণের সমন্বয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা:

(মোঃ আবদুল কাদির)

উপসচিব

ফোনঃ ৪৭১২৪৩৩৭

ইমেইলঃ admin1@ssd.gov.bd

ড. তরুণ কান্তি শিকদার

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

ও

চিফ ইনোভেশন অফিসার

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৬.১৭(অংশ-১).৭৪৪

তারিখঃ ১৮ কার্তিক ১৪২৭
৩ নভেম্বর ২০২০

অনুলিপি:

- ১। জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব (অগ্নি) ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ২। জনাব মোঃ আবদুল কাদির, উপসচিব (প্রশাসন-১ শাখা ও প্রশাসন-৩ শাখা) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৩। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৪। জনাব মোঃ মনিরুজ্জামান, উপসচিব (কারা-১ শাখা) ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
- ৫। উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। জনাব মোঃ আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। জনাব মোঃ আবুল বাশার, প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।


০৬.১১.২০২০
(মোঃ আবদুল কাদির)
উপসচিব